প্রিটি সোয়েটার্স লিঃ

২২২, ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

PSL/CMPL/02/041

Corporate Social Responsibilities Policy

সমন্বিত সামাজিক দায়বদ্ধতা নীতিমালা

আমরা নিম্নলিখিত বিষয়ের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ ঃ-

* দেশের সকল আইনের প্রতি সম্মান প্রদর্শন করি এবং মেনে চলি।
* সকল মানুষের অধিকারের উপর সম্মান প্রদর্শন করি।
* আমাদের পারিপার্শ্বিকতার প্রতি সম্মান প্রদর্শন করি।

আমরা নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলার অঙ্গীকারে একাত্বতাবোধ করি ঃ

❖ **সি এস আর কার্যাবলী পর্যবেক্ষণ ঃ** প্রিটি গ্রুপ সি.এস.আর. কর্মকান্ডের উপর দীর্ঘদিন ধরে গুরুত্বারোপ করে আসতেছে, যার ফলশ্রতিতে একটি সি.এস.আর টিম গঠন করা হয় যাহা প্রধান কার্যালয় কর্তৃক। উক্ত টিম নিয়মিত গ্রুপের সকল কারখানার সঙ্গে যোগাযোগের মাধ্যমে কার্যকরী সমন্বয়ের দ্বারা সি.এস.আর কার্য্য পরিচালনা করে থাকে। গ্রুপের সকল কারখানায় সি.এস.আর নিয়মিত এবং সঠিক ভাবে করা হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করা এবং সে সম্পর্কে যথোপযুক্ত পরামর্শ প্রদান সহ বাস্তবায়ন করাই এই টিম এর কাজ।

❖ **জরিপ কার্য ঃ** সি এস আর টিম দেশের বিভিন্ন এলাকা জরিপ কার্য পরিচালনা করে সুবিধা বঞ্চিত মানুষদের চিহ্নিত করে ও তাদের সাথে কথা বলে তাদের চাহিদা বা প্রয়োজনীয়তা গুলোকে সনাক্ত করে থাকেন। জরিপ কার্য অনুযায়ী পরবর্তীতে সি.এস.আর টিম ব্যবস্থাপনা পরিচালক ও সি.ই.ও. এর সহিত আলোচনা করে পর্যায়ক্রমে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়।

❖ **চিকিৎসা বা স্বাস্থ্য বিষয়ক সহযোগিতা ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ সর্বদাই কারখানার শ্রমিক সহ তাদের পরিবারের অন্যান্য সদস্যদের স্বাস্থ্য এবং চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করে থাকে (যদি কোন শ্রমিক কর্তৃপক্ষের নিকট সাহায্যের আবেদন করে)। সেই সাথে কারখানার শ্রমিকদের বাবা-মা এবং কারখানার প্বার্শবর্তী এলাকার সুবিধা বঞ্চিত মানুষের চিকিৎসার ব্যাপারে সর্বাত্বক সহযোগিতা করে থাকে। আর শ্রমিক পরিবার এবং স্থানিয় অসহায়দের চিকিৎসা সেবা কারখানার পার্শবর্তী এলাকায় একটি নির্দিষ্ট স্থানে প্রতি তিন মাসে একবার করে বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প বসিয়ে রেজিস্টার্ড ডাক্তার এর মাধ্যমে প্রদান করা হবে।

❖ **বস্ত্র বা শীত বস্ত্র বিতরণ ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ সর্বদাই অসহায় মানুষের কাছে তাদের সাহায্যের হাত সম্প্রসারিত করে থাকে,কোম্পানীর পক্ষথেকে প্রতি বছর প্রত্যন্ত গ্রামাঞ্চলের প্রচন্ড শীত ও দরিদ্র প্রধান এলাকা সনাক্ত করা হয় এবং সেইসব এলাকার হতদরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র (সোয়েটার) বিতরন করা হয়।

❖ **শিক্ষা সহযোগিতা ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ শ্রমিকের সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে শিক্ষাবৃত্তি সহ বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করে থাকে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে। আর এ সহযোগিতায় শ্রমিকের সন্তানদের ছাড়াও স্থানীয় অসহায়ের সন্তানদের স্কুল, কলেজ বা মাদ্রাসায় ভর্তি, টিউশন ফি, ফরম ফিলাপ, বই-পুস্তক, খাতা কলম বিতরন সহ বিভিন্ন ধরনের সহযোগিতার পরিকল্পনা রয়েছে।

❖ **অর্থনৈতিক সহযোগিতা ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ তার শ্রমিকদের ছাড়াও বাহিরের অসহায় মানুষের মাঝে অর্থনৈতিক সহযোগিতা করে থাকে। যেমনঃ অসুস্থ্য হলে চিকিৎসার জন্য, ছেলে/মেয়ের বিবাহের জন্য, বিভিন্ন সামাজিক সংঘ বধির, বোবা, ইত্যাদি এবং ধর্মীয় প্রতিষ্ঠান, মসজিদ, স্কুল-কলেজ, এতিমখানা ইত্যাদি ক্ষেত্রে আর্থিক সহযোগিতা করে থাকে। ভবিষ্যতে এই সহযোগিতা আরো বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে।

Pretty Sweaters Ltd.

- **বাৎসরিক বনভোজন কর্মসূচী ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ প্রত্যেক কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের জন্য প্রতি বছর বাৎসরিক বনভোজন বা পিকনিক কর্মসূচীর আয়োজন করে।

- **রক্তদান কর্মসূচী ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ বিভিন্ন এনজিও সংস্থার সমন্বয়ে বিভিন্ন প্রাকৃতিক দূযোর্গের সময় আহত ব্যক্তিদের সহযোগিতা করার লক্ষ্যে রক্তদান কর্মসূচীর আয়োজন করে থাকে।

- **বৃক্ষরোপন কর্মসূচী ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ একটি পরিবেশ বান্ধব প্রতিষ্ঠান। বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের নির্গত ধোয়ার করণে পরিবেশের যে ক্ষতি হচ্ছে তা রোধ করার জন্য প্রিটি সোয়েটার্স লিঃ বিভিন্ন সময় বৃক্ষরোপন কর্মসূচীর আয়োজন করে থাকে। আর এই কর্মসূচী ভাবিষ্যতে আরো জোরদার করা হবে বলে পরিকল্পনা রয়েছে।

- **বাল্য বিবাহ প্রতিরোধ কর্মসূচী ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ সবসময় মানবতার কল্যাণে কাজ করে থাকে। এমনি একটি কাজ হল বাল্য বিবাহ প্রতিরোধ কর্মসূচী। বাল্য বিবাহ প্রতিরোধ করার জন্য বিভিন্ন ধরনের সচেতনতামূলক লিফলেট বিতরণ এবং মঞ্চ নাটকের আয়োজন করার পরিকল্পনা রয়েছে।

- **খাদ্য সামগ্রী বিতরণ ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ আশেপাশের গরীব দূঃস্থ্য মানুষের মাঝে বিভিন্ন সময়ে খাদ্য সামগ্রী বিতরণ করে থাকে। যেমনঃ- ঈদুল ফিতর, ঈদুল আযহা, পহেলা বৈশাখ, ১৬ ই ডিসেম্বর, ২৬ শে মার্চ সহ নানান অকেশনে খাদ্য বিতরণ করে থাকে।

- **পারফরমেন্স রোল মডেল ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ শ্রমিকদের কর্মদক্ষতা বৃদ্ধি বা উৎসাহ প্রদানের লক্ষ্যে নিয়মিত সৎ, দক্ষ, পরিশ্রমী এবং কর্মদক্ষতার উপর ভিত্তিকরে বাছাই পূর্বক পারফরমেন্স রোল মডেল পুরস্কার প্রদান করা হয়।

- **ক্রীড়া সহযোগিতা ঃ** প্রিটি সোয়েটার্স লিঃ এ প্রতি বছর বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । যেমনঃ ক্রিকেট ও ফুটবল খেলা। আর এসব খেলা এক সেকশনের সাথে অন্য সেকশনের, এক কারখানা সাথে অন্য কারখানা এবং আমাদের কারখানা স্থানীয়দের সাথে খেলে থাকে। এদের মধ্যে বিজয়ী দলকে ট্রফি প্রদান করা হয় যাতে করে কারখানার শ্রমিকদের পাশাপাশী স্থানীয়রাও খেলাধুলার প্রাত উদ্বুদ্ধ হয়।

Pretty Sweaters Ltd.

Effective date	Page	Prepared By	Approved By
Date of Original: 2/08/2015 2nd Issue Date: 05/04/2018 Revision no - 02	1 of 2	Md. Arif Hasan Jony Manager (Compliance)	CEO